

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৬/২০১৫

অভিযোগকারী : ড. শাহদীন মালিক

(এ্যাডভোকেট বাংলাদেশ সুপ্রিম কোর্ট)
পিতা-জনাব আব্দুল মালিক চৌধুরী
বসা-২৭, সড়ক-১৩/এ
ধানমন্ডি আবাসিক এলাকা
ঢাকা-১২০৯।

প্রতিপক্ষ : জনাব মোঃ সহিদউল্লাহ

পরিচালক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৮-০৪-২০১৫ ইং)

অভিযোগকারী ড. শাহদীন মালিক (এ্যাডভোকেট) ১৫-১০-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে ড. মোহাম্মদ শহীদুল্লাহ, পরিচালক-১৪ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

গত ২৪ শে এপ্রিল, ২০১৩, সাভারের রানা প্লাজা ধ্বসের মর্মান্তিক ও বেদনাদায়ক ঘটনার পর থেকে ক্ষতিগ্রস্ত, আহত ও নিহত পোষাক শ্রমিকদের পরিবারকে পূর্ববাসন ও সহায়তা এবং আহতদের সুচিকিৎসার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছ থেকে বিভিন্ন অংকের অনুদান গ্রহণ করা হয়।

গত ১৫ ই জুলাই, ২০১৩, দৈনিক ইন্ডেফাকের ৩য় পৃষ্ঠায় প্রকাশিত খবরে জানা যায় যে, গত ২৪ মে এপ্রিল, ২০১৩ সাভারের রানা প্লাজা ধ্বসের ঘটনায় “মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ক্ষতিগ্রস্তদের সহায়তায় ১২৮ কোটি টাকা জমা পড়েছে।” একই তথ্য মাননীয় কৃষিমন্ত্রী জাতীয় সংসদকে জানান।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল সংক্রান্ত নিম্নলিখিত তথ্যসমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এর উপধারা (১) মোতাবেক আবেদনকৃত তথ্য জনসম্মুখে প্রকাশ করার জন্য আবেদন করছি-

- এই অর্থ কোন কোন একাউন্টে গচ্ছিত আছে?
- এই ব্যাংক একাউন্ট কে বা কারা পরিচালনা করছে?
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে কোন বিবেচনায় কত টাকা প্রদান করা হয়েছে? উক্ত অর্থের মধ্যে কাকে, কিভাবে (নগদ, চেক অথবা সামগ্রী) কে বিতরণ করেছে তার তালিকাকরণ করা।
- উপরোক্ত হিসাবগুলি কি পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ ও পরিচালিত হচ্ছে?
- অনুদানপ্রাপ্ত ১২৮ কোটি টাকার মধ্যে এ যাবৎ ক্ষতিগ্রস্তদের মধ্যে সর্বমোট কত টাকা বিতরণ করা হয়েছে এবং কত টাকা জমা আছে?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী তথ্য না পেয়ে অভিযোগকারী ২৭-১১-২০১৪ তারিখে জনাব মোঃ আব্দুস সোবহান সিকদার, মুখ্যসচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১২-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ: পৃ: দ্র:)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারীর ড. শাহদীন মালিক (এ্যাডভোকেট) এর পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবী শেগুফতা তাবাসসুম আহমেদ হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ সহিদউল্যাহ, পরিচালক-১৪ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা হাজির। অভিযোগকারীর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেছেন তবে প্রাপ্ত তথ্যসমূহ পর্যবেক্ষণ করা সম্ভব হয়নি বিষয়ে তথ্য পর্যালোচনাপূর্বক মতামত প্রদানের জন্য তিনি সময়ের আবেদন করেন।

০৫। জনাব মোঃ সহিদউল্যাহ পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করা হয়েছে।

০৬। কমিশন অভিযোগকারীর সময়ের আবেদন মঞ্জুর করে এবং ০৮-০৪-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করা হয় এবং সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৭। অভিযোগকারী ড. শাহদীন মালিক (এ্যাডভোকেট) এর পক্ষে নিযুক্ত আইনজীবী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছে এবং তা নিবিড়ভাবে পর্যবেক্ষণপূর্বক প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগ খারিজের জন্য তথ্য কমিশনে আবেদন প্রেরণ করে গরহাজির। পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা গরহাজির।

পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা অভিযোগকারীকে যে তথ্য সরবরাহ করেছেন অভিযোগকারী তা প্রাপ্ত হয়ে অভিযোগ খারিজ করার আবেদন জানিয়েছেন বিষয়ে অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

সিদ্ধান্ত।

যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী যাচিত তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগটি খারিজ করার আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার